

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা

নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০১.২০১১(অংশ-১). ১১০

তারিখঃ ২৮.০৪.২০১৩ খ্রিঃ ।

পরিপত্র

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ ধারা ৪৭ এবং দ্বিতীয় তফসিল এর ১১নং ক্রমিকে বর্ণিত বিধান অনুসারে সরকার ইউনিয়ন পরিষদের স্থানীয় এলাকার মধ্যে আইন শৃঙ্খলা ও জনজীবনের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডে আইন শৃঙ্খলা উন্নয়ন বিষয়ক কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

কমিটির গঠনঃ প্রতিটি ওয়ার্ডে সংশ্লিষ্ট ইউপি সদস্যকে সভাপতি করে স্কুল শিক্ষক, ইমাম, ধর্মীয় নেতৃবৃন্দ, সংস্কৃতিক কর্মী, সচেতন নাগরিক সমন্বয়ে ৭ থেকে ১১ সদস্য বিশিষ্ট কমিটি হবে।

কমিটির কার্যাবলীঃ

- ক. কমিটি মাসে একবার সভায় মিলিত হয়ে সংশ্লিষ্ট ওয়ার্ডের আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করে একটি রিপোর্ট ইউপি চেয়ারম্যানের নিকট দাখিল করবেন।
- খ. এলাকায় কোন অপরিচিত লোক বা সন্দেহভাজন ব্যক্তির উপস্থিতি পরিলক্ষিত হলে অবিলম্বে সংশ্লিষ্ট থানা বা পুলিশ ফাড়াতে সংবাদ প্রেরণ করবেন।
- গ. আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের দায়িত্ব পালনকালে ওয়ার্ড এলাকায় গেলে তাদেরকে আইনগত দায়িত্ব পালনে সহায়তা করবেন।
- ঘ. মসজিদ বা অন্যান্য উপাসনালয়ের মাইক ব্যবহার করে কেউ যাতে সাধারণ মানুষকে উস্কানী দিয়ে কোনভাবে কারো বিরুদ্ধে উত্তেজিত করতে না পারে সে বিষয়ে সদা সতর্ক থাকবেন।
- ঙ. সামাজিক শান্তি ও স্থিতিশীলতা এবং জনজীবনে নিরাপত্তা বজায় রাখার জন্য সমাজের সর্বস্তরের মানুষকে উদ্বুদ্ধ করবেন। এ বিষয়ে অবদান রাখার জন্য মসজিদের ইমাম, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য ধর্মীয় নেতাদের সঙ্গে নিয়মিত মতবিনিময় করবেন।
- চ. আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কোন আশঙ্কা দেখা দিলে অবিলম্বে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন।

জনস্বার্থে এই পরিপত্র জারী করা হলো, অবিলম্বে তা কার্যকর হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এই পরিপত্রের আলোকে ওয়ার্ড সভার মাধ্যমে জরুরী ভিত্তিতে ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডে আইন শৃঙ্খলা উন্নয়ন বিষয়ক কমিটি গঠন করে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন।



(আবু তাহের মুহাম্মদ জাবের)

উপ সচিব

ফোনঃ ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)

..... ।

[তাঁর জেলার সকল ইউনিয়নে এই পরিপত্রের আলোকে কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো]

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।